


Reporter



Arabic Interpreter



Chinese Interpreter



Photographer




Tony



Dr. Collins



Alisha



Grandson



Halina




Daniel




Dr. Patel



Orlando



Clayton



Mrs. Medina

English	Bengali
OS Poster	OS পোস্টার
Welcome to the Hospital Employees Art Show!	হাসপাতালের কর্মীদের শিল্প প্রদর্শনীতে স্বাগতম!
REPORTER	রিপোর্টার
And this?	আর এটা?
ARABIC INTERPRETER	আরবি দোভাষী
It says "Salaam."	এর মানে "সালাম।"
REPORTER	রিপোর্টার
That means peace in Arabic, right?	তার মানে শান্তির আরবি প্রতিশব্দ, তাই না?
ARABIC INTERPRETER	আরবি দোভাষী
Very good!	খুব ভালো!
REPORTER	রিপোর্টার
And what about this one?	আর এটার মানে কি?
CHINESE INTERPRETER	চীনা দোভাষী
It says ...	এতে লেখা ...
REPORTER	রিপোর্টার
Peace?	শান্তি?




Chinese Interpreter



Arabic Interpreter



Reporter



Photographer



Tony



Dr. Collins

CHINESE INTERPRETER	চীনা দোভাষী
[Laughs] No. It says, "Get well soon."	[হাসি] না। এর মানে হচ্ছে, "দ্রুত ভালো হয়ে উঠুন।"
REPORTER	রিপোর্টার
And what do you do here at the hospital?	আর আপনারা এই হাসপাতালে কী করেন?
CHINESE INTERPRETER	চীনা দোভাষী
We are interpreters. I help Chinese patients who don't speak English. And my friend ...	আমরা দোভাষী। যে সব চাইনিজ রোগী ইংরেজি বলেন না আমি তাদেরকে সাহায্য করি। আর আমার বন্ধু ...
ARABIC INTERPRETER	আরবি দোভাষী
I help patients who speak Arabic.	আমি আরবিভাষী রোগীদেরকে সাহায্য করি।
REPORTER	রিপোর্টার
Nice. Thank you.	বেশ। ধন্যবাদ।
PHOTOGRAPHER	ফটোগ্রাফার
Can I have a picture? Thank you.	আমি কি একটা ছবি তুলতে পারি? ধন্যবাদ।
TONY (FEMALE)	টনি (মহিলা)
This is art you can wear. I make them for the West Indian Day Parade in Brooklyn. This is a small one!	এটি আপনি গায়ে দিতে পারেন। আমি ব্রুকলিনের ওয়েস্ট ইন্ডিয়ান ডে প্যারেডের জন্য এগুলো তৈরি করি। এটা ছোটগুলোর একটা!
PHOTOGRAPHER	ফটোগ্রাফার
Thank you.	ধন্যবাদ।
REPORTER	রিপোর্টার
Dr. Collins?	ড. কলিন্স?
DR. COLLINS	ড. কলিন্স
Yes?	বলুন?



Reporter



Alisha



Grandson



Dr. Collins



Mrs. Medina

REPORTER	রিপোর্টার
I heard the art is made by the workers. Was that your idea?	আমি শুনেছি শিল্পকর্মগুলো কর্মীদের তৈরি। সেটা কি আপনার আইডিয়া?
DR. COLLINS	ড. কলিন্স
No, no, it wasn't me. This art show was really the idea of our employees. They came to me with the idea. [Looking around] You should talk to Alisha. There she is.	না, না, আমার না। এই প্রদর্শনী আসলে আমাদের কর্মীদের আইডিয়া। আইডিয়াটি নিয়ে তারাই আমার কাছে এসেছিলেন। [চারদিকে তাকিয়ে] আপনার আলিশার সাথে কথা বলা উচিত। তিনি এখানে।
REPORTER	রিপোর্টার
Alisha? Hello. I'm Nguyen Tran from the Big City News. Can you tell me how the art show got started?	আলিশা? হ্যালো। আমি নুইয়ান ট্রান, বিগ সিটি নিউজ থেকে এসেছি। আমাকে বলবেন কীভাবে এই শিল্প প্রদর্শনীটি শুরু হয়েছিল?
ALISHA	আলিশা
Well ... at first, I wasn't even thinking about art. I was just trying to help a patient get better.	আসলে ... প্রথমে, আমি শিল্প নিয়ে তেমন কিছু চিন্তাই করিনি। আমি কেবল একজন রোগীকে সুস্থ হয়ে উঠার জন্য সাহায্য করার চেষ্টা করছিলাম।
GRANDSON	নাতি
Don't worry about anything, Grandma.	কোনো কিছু নিয়ে চিন্তা করো না, দাদি।
ALISHA	আলিশা
So, how was your visit with the family? Oh, I see you have an artist in your family!	তো, পরিবারের সাথে দেখা-সাক্ষাৎ কেমন হলো? ওহ, আমি দেখছি আপনার পরিবারে একজন আর্টিস্ট আছে!
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Mmm hmm...my grandson.	হুমম হুমম...আমার নাতি।
ALISHA	আলিশা
Is that your house?	ওটা কি আপনার বাড়ি?



Mrs. Medina



Alisha



Halina

MRS. MEDINA	মিসেস. মেদিনা
Mmm hmm...yeah ... It is nice to see my home again.	হুমম মমম...হ্যাঁ ... আমার বাড়ি দেখতে পেয়ে ভালো লাগছে।
ALISHA	আলিশা
You must miss it very much.	নিশ্চয়ই বাড়ির জন্য খুব খারাপ লাগছে।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Yeah. I can't wait to go back home. But sometimes, I think I'll never ...	হ্যাঁ। বাড়ি ফেরার জন্য আর অপেক্ষা করতে পারছি না। মাঝে মাঝে মনে হয় আমি আর কখনোই ...
ALISHA	আলিশা
Mrs. Medina ... We want you to get well as soon as possible. We will do everything we can to help.	মিসেস. মেদিনা ... আমরা চাই আপনি যত দ্রুত সম্ভব ভালো হয়ে উঠুন। আমাদের পক্ষে যতদূর সম্ভব আমরা করবো।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
It is funny...I was always the person in the family who took care of everyone. And now ...	আশ্চর্য... আমি ছিলাম পরিবারের সেই ব্যক্তি যে সব সময় সবার যত্ন নিত। আর এখন ...
ALISHA	আলিশা
Soon, you'll be back in that picture at home with your family. Ohhh ... It looks like your grandson left these.	কিছুদিনের মধ্যেই, বাড়িতে আপনার পরিবারের সাথে ওই ছবিতে ফিরে যাবেন। ওহহহ ... মনে হচ্ছে আপনার নাতি এগুলো রেখে গেছে।
ALISHA	আলিশা
Hi, Halina.	হাই, হালিনা।
HALINA	হালিনা
Alisha ... hi!	আলিশা ... হাই!
ALISHA	আলিশা
Geraldine, how are you?	জেরালডিন, কেমন আছ?
ALISHA	আলিশা
She's afraid she may never walk again.	তিনি ভয় পাচ্ছেন যে আর কখনো হাঁটতে পারবেন না।



Mrs. Medina



Alisha



Daniel

DANIEL	ড্যানিয়েল
Who? Mrs. Medina?	কে? মিসেস. মেদিনা?
ALISHA	আলিশা
Mmm hmm ... If we could only find a way to encourage her.	হুমম মমম ... যদি আমরা কেবল তাকে উৎসাহ দেয়ার কোনো উপায় থাকতো।
DANIEL	ড্যানিয়েল
Maybe if she talks about happy times.	হয়তো যদি তিনি সুখের স্মৃতি নিয়ে কথা বলেন।
ALISHA	আলিশা
Maybe that would work. [exhales]	হয়তো সেটা কাজ করবে। [নিঃশ্বাসের সাথে বাতাস ত্যাগ]
ALISHA	আলিশা
That's my tree!	এটা আমার গাছ!
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Oh ... Did you ... how do you say it? Put it in the ground?	ওহ্ ... তুমি কি ... তোমরা কীভাবে বলো? মাটির মধ্যে রাখা?
ALISHA	আলিশা
Do you mean plant?	গাছ লাগানোর কথা বলছেন?
MRS. MEDINA	মিসেস. মেদিনা
That's it. Did you plant these trees yourself?	হ্যাঁ, তাই। তুমি কি নিজেই এই গাছগুলো লাগিয়েছো?
ALISHA	আলিশা
[Chuckling slightly] Ohhh no, no, not me. My father planted them. One for each child. One for my brother. One for my sister. And one for me!	[হালকা মুখ টিপে হাসি] আহহহ না, না, আমি না। আমার বাবা এগুলো লাগিয়েছেন। সবার জন্য একটা করে। আমার ভাইয়ের জন্য একটা। আমার বোনের জন্য একটা। এবং আমার জন্য একটা!



Alisha




Mrs. Medina

MRS. MEDINA	মিসেস. মেদিনা
You know, I grew up on a farm and I used to climb a tree just like this, when I was a child.	তুমি জানো, আমি একটা খামারে বড় হয়েছি আর আমি ঠিক এই ভাবে গাছে চড়তাম, যখন আমি ছোট ছিলাম।
ALISHA	আলিশা
I'd love to see a picture.	একটা ছবি দেখতে পারলে ভালো হতো।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Oh, we don't have any photos of that.	ওহ, আমাদের ঐরকম কোনো ছবি নেই।
ALISHA	আলিশা
But I'm sure you have beautiful memories. You must remember what it looked like.	কিন্তু আমি নিশ্চিত আপনার চমৎকার স্মৃতি আছে। আপনার নিশ্চয়ই মনে আছে সেটা কীরকম ছিল।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Maybe I could draw it.	হয়তো আমি আঁকতে পারবো।
ALISHA	আলিশা
You draw?	আপনি আঁকেন?
MRS. MEDINA	মিসেস. মেদিনা
I used to love to draw when I was growing up in Colombia.	আমি যখন কলম্বিয়াতে বড় হচ্ছিলাম আমি আঁকতে ভালোবাসতাম।
ALISHA	আলিশা
Ahh, that's why your grandson is so good at drawing. He takes after his grandmother.	আহহ, সেই জন্যই আপনার নাতি এত সুন্দর আঁকতে পারে। সে তার দাদির মত হয়েছে।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Some people told me I was pretty good. But when I came to this country, I was so busy, I stopped.	লোকে আমাকে বলতো যে আমি খুব ভালো আঁকতাম। কিন্তু যখন আমি এই দেশে আসি, আমি খুব ব্যস্ত ছিলাম, আমি আঁকা বন্ধ করে দিই।
ALISHA	আলিশা
Drawing is like riding a bicycle.	আঁকা হচ্ছে বাইসাইকেলে চড়ার মতো।



Alisha



Mrs. Medina

MRS. MEDINA	মিসেস. মেদিনা
Riding a bicycle?	বাইসাইকেলে চড়ার মতো?
ALISHA	আলিশা
Once you learn it, you never forget. I bet you can still draw.	একবার শিখলে, কখনোই ভুলবেন না। আমি নিশ্চিত আপনি এখনো আঁকতে পারবেন।
ALISHA	আলিশা
I never imagined that drawing a picture would help her so much. But it did! She started to get much better.	আমি কখনোই ভাবিনি যে একটা ছবি আঁকা তাকে এতটা সাহায্য করতে পারবে। কিন্তু, করেছিল! তিনি অনেক ভালো হয়ে উঠতে শুরু করলেন।
ALISHA	আলিশা
You called?	ডেকেছেন?
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Yes ... I have something to show you.	হ্যাঁ ...তোমাকে কিছু জিনিস দেখাতে চাই।
ALISHA	আলিশা
Oh, my goodness! That's Dr. Patel. She's going to love this! And that's Daniel! How funny. It looks just like him.	ওহ, একি আশ্চর্য! উনি ডা. প্যাটেল। উনি এটা দারুণ পছন্দ করবেন! আর ও ড্যানিয়েল! কী মজা। দেখতে ঠিক তার মতো হয়েছে।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Oh, I almost forgot ... I have one more to show you.	ওহ, ভুলেই যাচ্ছিলাম... তোমাকে আরেকটা দেখানো বাকি আছে।
ALISHA	আলিশা
Hmm ... Who's that?	হুমম ... ইনি কে?
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Just a wonderful nurse that I know.	আমার পরিচিত একজন চমৎকার নার্স।



Mrs. Medina



Alisha



Daniel



Dr. Patel

ALISHA	আলিশা
These are so beautiful.	এগুলো এত সুন্দর।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Take them. They are yours. They are for everyone.	এই নাও। এগুলো তোমার। এগুলো সবার জন্য।
ALISHA	আলিশা
Thank you.	ধন্যবাদ।
ALISHA & DANIEL	আলিশা ও ড্যানিয়েল
[Laughing, murmuring]	[হাসি, ফিসফিস করে কথা]
DR. PATEL	ড. প্যাটেল
What's this?	এটা কী?
ALISHA	আলিশা
Oh, Dr. Patel. Look! [Laughing]	ওহ, ড. প্যাটেল। দেখুন! [হাসি] জানতাম আপনি এটা পছন্দ করবেন।
DR. PATEL	ড. প্যাটেল
[Sighs] [Laughing] Look at me!	[দীর্ঘশ্বাস] [হাসি] আমাকে দেখ!
DANIEL	ড্যানিয়েল
[Laughs]	[হাসি]
DR. PATEL [Barely audible]	ড. প্যাটেল [প্রায় শোনাই যাচ্ছে না]
[Laughing] Look at my wrist bands ... What's this one...? What's that...?	[হাসি] আমার হাতের ব্যান্ডগুলো দেখ ... এটা কী...? ওটা কী...?
DANIEL [Barely audible]	ড্যানিয়েল [প্রায় শোনাই যাচ্ছে না]
Look at this one [chuckling]...look at that...	এটা দেখ [চাপা হাসি]...ওটা দেখ



Dr. Collins



Daniel



Dr. Patel



Halina



Alisha

ALISHA [Barely audible]	আলিশা [প্রায় শোনাই যাচ্ছে না]
I know, it really...	আমি জানি, এটা আসলে...
DR. PATEL [Barely audible]	ড. প্যাটেল [প্রায় শোনাই যাচ্ছে না]
His chin...that's good! That's good.	ওর খুঁতনি...ওটা সুন্দর! ওটা ভালো।
ALISHA	আলিশা
Oh, yeah.	ওহ, হ্যাঁ।
DR. COLLINS	ড. কলিন্স
What's going on? What's all the excitement about?	কী হচ্ছে? কী নিয়ে এত উত্তেজনা?
DANIEL	ড্যানিয়েল
Oh, Dr. Collins. A patient did these. Aren't they wonderful?	ওহ, ড. কলিন্স। এক রোগীর আঁকা। এগুলো চমৎকার, তাই না?
DR. PATEL	ড. প্যাটেল
It would be great if we could hang them on the wall.	আমরা এগুলো দেয়ালে ঝুলিয়ে রাখতে পারলে ভালো হতো।
DR. COLLINS	ড. কলিন্স
Hang them on the wall, Dr. Patel?	দেয়ালে ঝুলিয়ে রাখতে পারলে, ড. প্যাটেল?
DR. PATEL	ড. প্যাটেল
Yes, hang them on the wall, Dr. Collins. Don't you agree, Alisha?	হ্যাঁ, দেয়ালে ঝুলিয়ে রাখতে পারলে, ড. কলিন্স। তুমি কি একমত নও, আলিশা?
MAN IN VEST	ওয়েস্টকোট পরা ব্যক্তি
Excuse me. Room 413? Thank you.	মাফ করবেন। রুম চারশো তেরো? ধন্যবাদ।
HALINA	হালিনা
Oh, Mrs. Medina. I see you're eating more. You must be feeling better. You aren't making one of me, are you?	ওহ, মিসেস. মেদিনা। আমি দেখছি আপনার খাওয়ার পরিমাণ বেড়েছে। আপনি নিশ্চয়ই ভালো বোধ করছেন। আপনি আমাকে নিয়ে একটা বানাচ্ছেন না, তাই না?



Alisha




Halina



Orlando



Daniel



Mrs. Medina

MRS. MEDINA	মিসেস. মেদিনা
Of course not. Just don't move.	অবশ্যই না। শুধু নড়বেন না।
VOICE OFF CAMERA	ক্যামেরা থেকে আসা শব্দ
That's great, just look at that...	চমৎকার, কেবল ওই দিকে তাকান...
ORLANDO	অরল্যান্ডো
Well ... what do you think?	বেশ আপনাদের কী মনে হয়?
DANIEL	ড্যানিয়েল
They look great!	এগুলো চমৎকার!
ALISHA	আলিশা
Everybody loves them.	সবাই পছন্দ করেছে।
HALINA	হালিনা
People on the other floors are talking. They want pictures, too.	অন্য তলার লোকজন বলাবলি করছে। তারাও ছবি চাচ্ছে।
ALISHA	আলিশা
We should get more.	আরো পেতে হবে।
DANIEL	ড্যানিয়েল
Hmmm ... good idea.	হুমম ... ভালো বুদ্ধি।
ORLANDO	অরল্যান্ডো
I'll have to get some more frames.	আমাকে তাহলে আরো ফ্রেম আনতে হবে।
HALINA	হালিনা
But Mrs. Medina can't draw pictures of everyone. It's a big hospital.	কিন্তু মিসেস. মেদিনা সবার ছবি আঁকতে পারবেন না। এটা একটা বড় হাসপাতাল।



Alisha



Dr. Collins



Halina




Orlando



Daniel

ALISHA	আলিশা
It is big. But wait a minute ... some of the people who work here are artists, too.	এটা বড়। কিন্তু এক মিনিট ... এখানে যারা কাজ করেন তাদের কেউ কেউ আবার আর্টিস্ট।
ORLANDO	অরল্যান্ডো
Dominic, who works the night shift. He loves to draw. He could make something.	ডমিনিক, যিনি রাতের শিফটে কাজ করেন। উনি আঁকতে ভালোবাসেন। উনি হয়তো কিছু করতে পারবেন।
DANIEL	ড্যানিয়েল
There are probably lots of people who work here who draw and paint and take pictures and do ...	এখানে যারা কাজ করেন তাদের মধ্যে সম্ভবত অনেকেই আঁকেন এবং পেইন্ট করেন এবং ছবি তোলেন এবং ...
ALISHA	আলিশা
I have seen Halina's photographs. She's really good.	আমি হালিনার তোলা কয়েকটা ছবি দেখেছি। তিনি আসলেই ভালো।
HALINA	হালিনা
Oh!...[laughs]	ওহ!... [হাসি]
ORLANDO,DANIEL	অরল্যান্ডো, ড্যানিয়েল
[laughing]	[হাসি]
ALISHA	আলিশা
OK, gather round... come here, come here! [whispering] OK, so here's what were going to do...I want you to talk the other floors...and I want you to talk to Dominic and we'll get everything together....	ওকে, কাছে আসুন... এখানে আসুন, এখানে আসুন! [ফিসফিস করে] ওকে, তো আমরা যা করতে যাচ্ছি তা হলো... আমি চাই আপনারা অন্য তলার লোকজনের সাথে কথা বলুন... এবং আমি চাই আপনারা ডমিনিকের সাথে কথা বলুন এবং আমরা সবকিছু একসাথে করবো।...
DR. COLLINS	ড. কলিন্স
So, you would like more pictures on the wall.	তাহলে, আপনারা দেয়ালে আরো ছবি দেখতে চান।
ALISHA	আলিশা
That is correct.	ঠিক ধরেছেন।



Dr. Collins



Halina



Dr. Patel




Orlando



Clayton

DR. COLLINS	ড. কলিন্স
I like this idea. But, I'm not sure. Where are you going to get this art from? Do you know any artists?	এই বুদ্ধিটা আমার পছন্দ। কিন্তু, আমি নিশ্চিত না। আপনারা এই ছবিগুলো কোথা থেকে আনবেন? আপনারা কি কোনো আর্টিস্টকে চেনেন?
HALINA	হালিনা
Yes, we know a few.	হ্যাঁ, আমরা কয়েকজনকে চিনি।
DR. PATEL	ড. প্যাটেল
Oh, Doctor Mendez!	ওহ, ডক্টর মেনডেজ!
DR. MENDEZ	ড. মেনডেজ
Dr. Patel!	ড. প্যাটেল!
DR. PATEL	ড. প্যাটেল
How are the kids?	বাচ্চারা কেমন আছে?
DR. MENDEZ	ড. মেনডেজ
Great!	ভালো!
DR. PATEL	ড. প্যাটেল
Oh good...	ওহ, ভালো...
ORLANDO	অরল্যান্ডো
Hey, Clayton.	এই, ক্লেটন।
CLAYTON	ক্লেটন
Hey Orlando.	এই অরল্যান্ডো
ORLANDO	অরল্যান্ডো
Did you hear about the art show?	শিল্প প্রদর্শনী সম্পর্কে শুনেছ?



Clayton



Orlando





Reporter



Tony

CLAYTON	ক্লেটন
No.	না।
CLAYTON	ক্লেটন
I used my own mop, my own technique.	আমার নিজের মপ ব্যবহার করেছি, আমার নিজের কৌশল।
REPORTER	রিপোর্টার
You painted with a mop? [laughing]	আপনি মপ দিয়ে পেইন্ট করেছেন? [হাসি]
CLAYTON	ক্লেটন
[laughing] That's right.	[হাসি] ঠিক ধরেছেন।
REPORTER	রিপোর্টার
Mop Art!	মপ আর্ট!
CLAYTON	ক্লেটন
When my friend, Orlando, first told me about this art show, I thought I am not an artist. What can I do?	যখন আমার বন্ধু, অরল্যান্ডো, প্রথম আমাকে এই শিল্প প্রদর্শনী সম্পর্কে জানায়, আমি ভেবেছিলাম আমি তো শিল্পী নই। আমি কী করতে পারি?
REPORTER	রিপোর্টার
So, how did you get all of this art?	তাহলে, আপনি কীভাবে এই সবগুলো ছবি পেয়েছেন?
ORLANDO	অরল্যান্ডো
It was easy. There is so much talent in this hospital.	খুবই সহজে। এই হাসপাতালে অনেক প্রতিভা আছে।
TONY (FEMALE)	টনি (মহিলা)
This is for the art show.	এটা শিল্প প্রদর্শনীর জন্য।
ORLANDO	অরল্যান্ডো
We don't have enough space to hang all of this!	এত সব ঝোলানোর জন্য আমাদের যথেষ্ট জায়গা নেই!



ALISHA	আলিশা
I think we need to speak to Dr. Collins again.	আমার মনে হয় আবার ড. কলিন্সের সাথে কথা বলা দরকার।
DR. COLLINS	ড. কলিন্স
All of this for the art show?	এই সবকিছু প্রদর্শনীর জন্য?
ORLANDO	অরল্যান্ডো
Umm hmmm...	উমম হুমমম...
DR. COLLINS	ড. কলিন্স
Alisha! I don't know what to say. I'm not an art director. I'm a medical director.	আলিশা! আমি জানিনা কী বলা উচিত। আমি কোনো আর্ট ডিরেক্টর না। আমি একজন মেডিকেল ডিরেক্টর।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Excuse me? Are you in charge of this hospital?	আপনি কি এই হাসপাতালের দায়িত্বে আছেন?
DR. COLLINS	ড. কলিন্স
Yes, I am.	হ্যাঁ।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Can you please come into my room for a minute?	আপনি কি দয়া করে এক মিনিটের জন্য আমার রুমে আসবেন?
DR. COLLINS	ড. কলিন্স
You know, Alisha? What's good for the people who work here is good for the patients.	জানো, আলিশা? এখানে যারা কাজ করেন তাদের জন্য যা ভালো, তা রোগীদের জন্যও ভালো।
ALISHA	আলিশা
But, Dr. Collins! The space ...	কিন্তু, ড. কলিন্স! জায়গা ...
DR. COLLINS	ড. কলিন্স
Not enough room in this hallway? We'll find a bigger space. Art in the hospital... I love it!	এই হলুয়েতে যথেষ্ট জায়গা নেই? আর বড় জায়গাও খুঁজে বের করবো। হাসপাতালে শিল্পকলা... আমার পছন্দ!



Halina



Reporter



Mrs. Medina



Photographer



Dr. Collins




Alisha



Daniel

DANIEL	ড্যানিয়েল
That's very nice!	খুব ভালো!
DR. COLLINS	ড. কলিন্স
Thank you, Daniel.	ধন্যবাদ, ড্যানিয়েল।
HALINA	হালিনা
When I was a young girl in Poland, my father gave me a camera, and I never put it down! I learned to see the beauty in everyday things.	যখন আমি পোল্যান্ডে ছোট ছিলাম, আমার বাবা আমাকে একটা ক্যামেরা দিয়েছিলেন, আর আমি কখনোই তা নামিয়ে রাখিনি! আমি সাধারণ জিনিসের মধ্যে সৌন্দর্য দেখতে শিখেছি।
REPORTER	রিপোর্টার
Nice photographs!	সুন্দর ছবি!
HALINA	হালিনা
Thank you.	ধন্যবাদ।
PHOTOGRAPHER	ফটোগ্রাফার
Thank you.	ধন্যবাদ।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
That's the doctor that operated on my leg.	আমার পায়ে যে ডাক্তার অপারেশন করেছেন ইনিই তিনি।
ALISHA	আলিশা
Ms. Tran?	মিস.ট্রান?
MS TRAN (REPORTER)	মিস.ট্রান (রিপোর্টার)
Yes?	বলুন?
ALISHA	আলিশা
You see that woman over there?	ওখানে ঐ মহিলাকে দেখতে পাচ্ছেন?



Reporter



Mrs. Medina



Alisha




Dr. Patel

REPORTER	রিপোর্টার
Ah, yes.	আহ, হ্যাঁ।
ALISHA	আলিশা
She's the one I was talking about.	আমি যার সম্পর্কে কথা বলছিলাম উনিই তিনি।
REPORTER	রিপোর্টার
Ahh, thank you.	আহহ, ধন্যবাদ।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
You see the nurse over there? Thanks to her, I am home with my family again. The people in this hospital are fantastic.	ওখানে ঐ নার্সকে দেখতে পাচ্ছেন? আমি আবার আমার পরিবারের সাথে বাড়িতে যেতে পেরেছি। এই হাসপাতালের মানুষগুলো অসাধারণ।
REPORTER	রিপোর্টার
Excuse me. My name is Nguyen Tran with the Big City News.	মাফ করবেন। আমার নাম নুইয়ান ট্রান, আমি বিগ সিটি নিউজ থেকে এসেছি।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Ooooh!	ওওওওহ!
REPORTER	রিপোর্টার
Can you tell me your name and a few things about yourself?	আপনি কি আপনার নাম এবং আপনার নিজের সম্পর্কে কিছু বলবেন?
MRS. MEDINA	মিসেস. মেদিনা
My name is Viviana Medina. I come from Colombia.	আমার নাম ভিভিয়ানা মেদিনা। আমাদের দেশ কলম্বিয়া।
ALISHA	আলিশা
Dr. Patel!	ড. প্যাটেল!
DR. PATEL	ড. প্যাটেল
Umm hmmm...	উমম হুমমম...



Alisha



Mrs. Medina



Halina



Grandson

ALISHA	আলিশা
Listen to this! Daniel, listen to what Mrs. Medina says.	এটা শুনুন! ড্যানিয়েল, মিসেস. মেদিনা কী বলেছেন শোনো।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Four months ago, I had a terrible accident. I thought I would never walk again.	চার মাস আগে, আমি একটা ভয়াবহ দুর্ঘটনায় পড়েছিলাম। আমি ভেবেছিলাম আমি আর কখনো হাঁটতে পারবো না।
ALISHA	আলিশা
But thanks to the staff here I am alive today, and I'm walking. You see, I am not rich, but my life is rich. I live in a city with people from all over the world.	কিন্তু এখানকার কর্মীদেরকে ধন্যবাদ, আজ আমি বেঁচে আছি, আর আমি হাঁটছি। দেখুন, আমি ধনী নই, কিন্তু আমার জীবন প্রাচুর্যময়। আমি এমন একটা শহরে বাস করি যেখানে সারা বিশ্ব থেকে আসা মানুষেরা রয়েছে।
MRS. MEDINA	মিসেস. মেদিনা
My life is beautiful, because I see beauty in everything. But the most beautiful picture is not on the wall in this art show. It's the picture I have in my heart of the wonderful people ...	আমার জীবন সুন্দর, কারণ আমি সবকিছুর মধ্যে সৌন্দর্য দেখি। কিন্তু সবচেয়ে সুন্দর ছবিটি এই শিল্প প্রদর্শনীর দেয়ালে ঝোলানো নেই। এটি হচ্ছে সেই ছবি যা আমার হৃদয়ে আছে, এই সব চমৎকার মানুষদের ছবি
ALISHA	আলিশা
... who work in this hospital.	... যারা এই হাসপাতালে কাজ করেন।
ALISHA, MRS. MEDINA	আলিশা, মিসেস. মেদিনা
There is beauty in the hands of these workers and in the goodness of their hearts.	এখানে কর্মীদের হাতে এবং তাদের হৃদয়ের মণিকোঠায় সৌন্দর্য বাস করে।
HALINA, ALISHA	হালিনা, আলিশা
[sighing]	[দীর্ঘশ্বাস]
PA VOICE	পিএ কণ্ঠ
Dr. Patel ... paging Dr. Patel ... room 1225.	ড. প্যাটেল ... ড. প্যাটেলের পেজার বার্তা ... রুম 1225.
GRANDSON	নাতি
Did you make those, Grandma?	তুমি ওগুলো তৈরি করেছ, দাদি?
MRS. MEDINA	মিসেস. মেদিনা
Yes. I'm an artist like you!	হ্যাঁ। আমি তোমার মতই একজন শিল্পী!

